গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টর এর কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।
urc.kahaloo.bogra.gov.bd

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০৮.২৩-৩২

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪৩১ / ০৫ জুন, ২০২৪ খ্রি.

**বিষয় ঃ প্রধান শিক্ষকদের লিডারশিপ প্রশিক্ষণে শিক্ষক ডেপুটেশন প্রদান প্রসঙ্গে।**
সূত্র ঃ ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২১.১৫.৩৪৪, তারিখ ঃ ২৩/০৫/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয় ডিউপার্ট সম্বলিত প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দিয়েছেন। উক্ত প্রশিক্ষণ নিম্লোক্ত সময়সূচী অনুযায়ী অত্রাফিসে পরিচালিত হবে। উক্ত প্রশিক্ষণে সংযুক্ত নীতিমালা অনুযায়ী প্রধান শিক্ষক/প্রধান শিক্ষক(চ.দা) এর মধ্য থেকে ২৫ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী, ToT প্রশিক্ষণপ্রাপ্ত ০১ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে প্রশিক্ষক এবং ০১ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে সহায়ক কর্মকর্তা হিসেবে ডেপুটেশন প্রদান ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ব্যাচ নং | তারিখ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | ১৩ জুন, ২০২৪ খ্রি. - ৩০ জুন, ২০২৪ খ্রি.<br>(১৫ জুন - ১৮ জুন বন্ধ থাকবে) | প্রশিক্ষণার্থী- ২৫ জন<br>প্রশিক্ষক- ০১ জন<br>সহায়ক কর্মকর্তা- ০১ জন |

সংযুক্ত: নীতিমালা- ০৩ পাতা

০৫/০৬/২০২৪

(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

উপজেলা শিক্ষা অফিসার
কাহালু, বগুড়া।

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০৮.২৩-৩২(১১)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪৩১ / ০৫ জুন, ২০২৪ খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
১. পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪. সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৬. সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল), কাহালু, বগুড়া।
৭. অফিস কপি।

স্বাঃ/-
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

CamScanner

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারকনম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২১.১৫.৩৪৪ তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৩ মে ২০২৪

বিষয়: ইউআরসি/টিআরসি-তে প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ইউআরসি/টিআরসিতে ১৪ (চৌদ্দ) দিনব্যাপী প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ আগামী ২৭ মে ২০২৪ তারিখ থেকে শুরু হবে।

০২। বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত তাঁর বরাবর ইতোমধ্যে অত্র দপ্তরের অর্থ বিভাগ হতে বরাদ্দপত্র প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ পরিচালনার বাজেট বিভাজনের কপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক প্রশিক্ষণ যথাযথভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

**প্রশিক্ষণ পরিচালনাঃ**

ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত তারিখে প্রশিক্ষণ শুরু করতে হবে। বিশেষ কোন কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগের মেইল-afroza0902@gmail.com এ অবহিত করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার ও শনিবার) প্রশিক্ষণ চলমান থাকবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে;

খ) প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮:৩০ টায় প্রশিক্ষণ ভেন্যুতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে;

গ) নতুনভাবে প্রণীত প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণ ম্যানুয়াল ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। এক্ষেত্রে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই এতদসঙ্গে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশিক্ষণ বিভাগ হতে প্রেরিত প্রশিক্ষণ ম্যানুয়ালের সফট কপিসহ প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে সেগুলোর সরবরাহ নিশ্চিত করবেন।;

ঘ) প্রশিক্ষণের প্রতিব্যাচে ২৫ জন প্রধান শিক্ষক প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করবেন। কোনক্রমেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না;

ঙ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ বর্ণিত প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। তবে ইন্সট্রাক্টর প্রশিক্ষক এর দায়িত্ব পালন করলে সহকারী ইন্সট্রাক্টর কোর্স-কোঅর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। একইভাবে সহকারী ইন্সট্রাক্টর প্রশিক্ষকের দায়িত্ব পালন করলে ইন্সট্রাক্টর কোর্স-কোঅর্ডিনেটর এর দায়িত্ব পালন করবেন। যে কোনো একটি পদ শূন্য থাকলে ইন্সট্রাক্টর/সহকারী ইন্সট্রাক্টর যদি প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন সেক্ষেত্রে তিনি কোর্স-কোঅর্ডিনেটর হিসাবে শুধুমাত্র সম্মানী ভাতা প্রাপ্য হবেন;

চ) প্রশিক্ষণ আয়োজন ও বাস্তবায়নে সহায়ক কর্মকর্তার আবশ্যকতা বিবেচনায় যেসকল ইউআরসি/টিআরসিতে সহকারী ইন্সট্রাক্টরের পদ শূন্য রয়েছে সেসকল স্থানে উপজেলা/থানা শিক্ষা অফিসের একজন কর্মকর্তা (উপজেলা/থানা শিক্ষা অফিসারের অনুমোদনক্রমে) ব্যাচওয়ারী প্রশিক্ষণের সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;

ছ) প্রশিক্ষণ শেষে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণার্থীদের গ্রেডভিত্তিক মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুপারিনটেনডেন্ট ও উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ করবেন;

জ) প্রশিক্ষণ চলাকালীন যে কোনো সময় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্বাচিত মেন্টরগণ প্রশিক্ষণ মনিটরিং ও মেন্টরিং গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণ পরিবীক্ষণ করবেন;

ঝ) ব্যাচওয়ারী প্রশিক্ষণের সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীদের প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন;

ঞ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। অব্যায়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করবেন। তিনি যে কোনো আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

**প্রশিক্ষণার্থী নির্বাচনঃ**

ক) উপজেলা/থানা শিক্ষা অফিসার তাঁর আওতাধীন ক্লাস্টারভিত্তিক প্রধান শিক্ষকের নাম ও মোবাইল নম্বর এবং অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক ব্যাচওয়ারী প্রধান শিক্ষক/প্রধান শিক্ষকগণ (চ.দা.) কে মনোনয়ন ও ডেপুটেশন প্রদান করবেন;

খ) এক্ষেত্রে পিইডিপি ৪ এর আওতায় প্রণীত ''প্রধান শিক্ষকগণের লিডারশীপ প্রশিক্ষণ ম্যানুয়াল'' এর মাধ্যমে যাদের প্রশিক্ষণ হয়নি সেসকল প্রশিক্ষণবিহীন প্রধান শিক্ষকগণ অগ্রাধিকার পাবে।

গ) প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে ক্লাস্টার ভিত্তিক সমহার রক্ষার বিষয়টিকে গুরুত্ব দিতে হবে;

ঘ) বিদ্যালয়ের শ্রেণিপাঠদান কার্যক্রমে ব্যাঘাত না ঘটিয়ে প্রশিক্ষণার্থী নির্বাচন করতে হবে;

ঙ) উপজেলা শিক্ষা অফিসার যথানিয়মে PEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী প্রধান শিক্ষকগণের লিডারশিপ প্রশিক্ষণে অংশগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রি নিশ্চিত করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ই-মেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে। ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরগণ PEMIS সফটওয়্যারে ব্যাচওয়ারী প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষক তথ্য এন্ট্রি যাচাই নিশ্চিত করবেন;

চ) যদি কোন উপজেলা বা থানায় বিদ্যালয়ের সংখ্যা কম থাকে সেক্ষেত্রে একই জেলার পার্শ্ববর্তী উপজেলার প্রধান শিক্ষকগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থী নির্বাচনে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ডেপুটেশন প্রদান করবেন।

**প্রশিক্ষক নির্বাচনঃ**

ক) প্রশিক্ষণের প্রতিব্যাচে ০২ (দুই) জন প্রশিক্ষক দায়িত্ব পালন করবেন। প্রশিক্ষকগণকে অবশ্যই ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রধান শিক্ষকগণের লিডারশিপ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত কোর প্রশিক্ষক/মাস্টার ট্রেইনার/ট্রেইনার (TOT প্রশিক্ষণপ্রাপ্ত) হতে হবে।

খ) প্রশিক্ষণপ্রাপ্ত এডিপিইও/ইউইও/এইউইওগণের মধ্য হতে ০১ (এক) জন এবং ইন্সট্রাক্টর (পিটিআই)/ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/সহকারী ইন্সট্রাক্টরগণের মধ্য হতে ০১ (এক) জন প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করবেন। সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সুপারিনটেনডেন্টগণ তাঁর নিয়ন্ত্রণাধীন দপ্তর হতে পরস্পরের সাথে আলোচনা করে প্রশিক্ষক মনোনয়ন প্রদান করবেন। উক্ত নির্দেশনা মোতাবেক প্রশিক্ষক পাওয়া না গেলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সুপারিনটেনডেন্টগণ আলোচনাক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। নবসৃষ্ট উপজেলাসমূহে কস্ট সেন্টার (cost-centre) না থাকায় নিম্নোক্ত উপজেলার প্রধান শিক্ষকগণের প্রশিক্ষণ নিচে বর্ণিত সাবেক উপজেলায় অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে সাবেক ও নবসৃষ্ট উপজেলায় কর্মরত উপজেলা শিক্ষা অফিসারগণ আলোচনা করে বিদ্যালয়ের আনুপাতিক হারে স্ব স্ব উপজেলার প্রধান শিক্ষক ডেপুটেশন প্রদান করবেন।

| জেলা: | চট্টগ্রাম | খাগড়াছড়ি | কুমিল্লা | নাটোর | বরগুনা | হবিগঞ্জ | সিলেট | ময়মনসিংহ |
|---|---|---|---|---|---|---|---|---|
| নবসৃষ্ট উপজেলা | কর্ণফুলী | গুইমারা | লালমাই | নলডাংগা | তালতলী | শায়েস্তাগঞ্জ | ওসমানীনগর | তারাকান্দা |
| সাবেক উপজেলা | পটিয়া | মাটিরাঙ্গা | লাকসাম | সদর | আমতলী | সদর | বালাগঞ্জ | ফুলপুর |

০৪। উল্লেখ্য, প্রশিক্ষণ সমাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণার্থী, প্রশিক্ষকের নাম, সংখ্যা এবং ব্যয়িত ও উদ্বৃত্ত অর্থের হিসাব বিবরণীসহ (SOE) একটি প্রতিবেদন ইমেইলযোগে এবং হার্ডকপি পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে।

সংযুক্তি: বাজেট বিভাজন – ০১ (এক) পাতা।

২১/০৫/২০২৪

মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ
উপপরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৫৫০৭৪৮৯১
mahbub billah@yahoo.co.uk

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার
............ উপজেলা, ......... জেলা

স্মারকনম্বর : ৩৮.০১.০০০০.৬০০.২৫.০২১.১৫.৩৪৪

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪৩১
২৩ মে ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিভাগীয় উপপরিচপালক (সকল)..........................................................................।

২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),................... জেলা (সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার অনুরোধসহ)।

৩. সুপারিনটেনডেন্ট (সকল),................... পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার অনুরোধসহ)।

৪. উপজেলা শিক্ষা অফিসার (সকল), ................. উপজেলা, ................... জেলা (বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত পত্রের মর্মানুযায়ী প্রতি ব্যাচে ২৫ জন প্রধান শিক্ষককে ডেপুটেশন প্রদানের অনুরোধসহ)।

৫. মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭. অফিস কপি।

Billah
২৬/০৫/২০২৪

মোঃ মাহবুবুর রহমান বিল্লাহ
উপপরিচালক (প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৫৫০৭৪৮৯১
mahbub_billah@yahoo.co.uk